গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৪/১২/২০১৮ খ্রি.

২০১৮ সনের অনার্স ১ম বর্ষ অনিয়মিত, গ্রেড উন্নয়ন ও বিশেষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত, গ্রেড উন্নয়ন এবং ২০১৩-২০১৪, ২০১২-২০১৩ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের গ্রেড উন্নয়ন ও বিশেষ ১ম বর্ষ অনার্স পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরমপূরণের শর্তাবলি নিম্নরূপ:

বিষয়ের নাম	ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ	সময়
সকল বিষয়	০২/০১/২০১৯ হতে ১০/০১/২০১৯ পর্যন্ত	শুক্রবার ও সরকারি ছুটির দিন বন্ধ। অনার্স অনার্স ১ম বর্ষ পরীক্ষার দিন দুপুর ১:০০টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত এবং অন্যান্য দিন সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় জমা দিতে হবে।

অনিয়মিত ছাত্রীদের পরীক্ষার ফি

অনার্স বিষয়ের নাম	ফরম পূরণের ফি
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	২২৫৫.০০
রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থবিজ্ঞান, পরিসংখ্যান, গণিত, ভূগোল ও পরিবেশ	২৯৭৫.০০
মনোবিজ্ঞান	২৫৭৫.০০

গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি

অনার্স বিষয়ের নাম	ফরম পূরণের ফি
১ পত্র	১৪৫৫.০০
২ পত্র	১৬৫৫.০০
৩ পত্র	১৮৫৫.০০
৪ পত্র	২০৫৫.০০
৫ পত্র	২২৫৫.০০

বিভাগ কর্তৃক ডাটা এন্ট্রির সর্বশেষ তারিখ ১২/০১/২০১৯ খ্রি.। নিম্নের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি অফিস জমা দেখার তারিখ ১৩/০১/২০১৮ খ্রি. দুপুর ১:০০ টা।

০২. পরীক্ষার ফরমের সাথে যা জমা দিতে হবেঃ

ক) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

খ) অনার্স ১ম বর্ষ পরীক্ষার প্রবেশ পত্র ও ফলাফলের সকল কপি

গ) পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছপি ২ কপি

০৩. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

যে সকল শিক্ষার্থী ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৮ সনের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে ২০১৭ সনের পরীক্ষার্থীরা "C" বা "D" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

ক) ২০১৭ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহ গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ২০১৪, ২০১৫, ২০১৬, ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রোমোশন পেয়েছে এবং ২০১২, ২০১৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

গ) সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নয়ন করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ এর বেশি প্রাপ্য হবে না।

ঘ) ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পত্রে ২০১৭ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ঙ) ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগ হতে ফি জমা রশিদ সংগ্রহ করে কলেজের রেজিস্ট্রেশন শাখায় নির্ধারিত ফি জমা দিবে। আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য

হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ

(ক) পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম পূরণ করতে হবে। ছাত্রীদের কাছ থেকে টাকা জমা রশিদের কলেজ অংশ আবেদন ফরমের সাথে জমা রাখতে হবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন জমা দিবে তাদের আবেদনপত্র যাচাই-বাছাই পূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত নির্দিষ্ট এক্সেল ফরমেটে Capital Letter - এ সঠিক ও নির্ভুলভাবে এন্ট্রি করে হার্ডকপি (বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত) ও সফ্টকপি রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে। পরীক্ষার্থীদের তথ্য সরবরাহে কোন ভুল হলে এবং নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী জমা দিতে বিলম্ব করার কারণে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ দায়ী থাকবেন।

গ) অনার্স ১ম বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণের সময় ২০১৬-১৭,২০১৫-১৬,২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে প্রেরণ করতে হবে। এর এক কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার পরীক্ষা উপ-নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগে সংরক্ষণ করতে হবে।

২৪।১১।১৮

(প্রফেসর ড. শামসুন নাহার)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৩। রেজিষ্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৪। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাক।

৫। সংরক্ষণ নথি।